ঝিনাইদহে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহের পুরস্কার বিতরণী

ঝিনাইদহে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহের পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৪ জানুয়ারি) দুপুরে জেলা প্রাণিসম্পদ অডিটোরিয়ামে এ পুরস্কার বিতরণ করা হয়।

ঝিনাইদহ সদর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের ব্যবস্থাপনায় এটি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধানঅতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা প্রাণিসম্পদ অফিসার ডাঃ এ,এস,এম আতিকুজ্জামান।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ কৃত্রিম প্রজনন কেন্দ্রের উপ-পরিচালক মোহাঃ মসিউর রহমান, ঝিনাইদহ জেলা ভেটেরিনারি অফিসের ভেটেরিনারি অফিসার ডাঃসঞ্জীব কুমার বিশ্বাসসহ অন্যান্য কর্মকর্তাগন। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঝিনাইদহ সদর উপজেলা প্রাণিসম্পদ অফিসার ডাঃ মোঃ রেজাউল করিম।

অনুষ্ঠানটি পরিচালনা করেন অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ অফিসার ডাঃ মিনাক্ষী নাগ। এসময় জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহের বিভিন্ন ক্যাটাগারীতে ক্রেস্ট, সার্টিফিকেট, গিফটসহ নগদ অর্থ প্রদান হয়।

মুজিবনগরে গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা পুরস্কার বিতরণী অনুষ্ঠান

মেহেরপুরের মুজিবনগরে ৫২তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১২টায় উপজেলা স্কুল, মাদ্রাসা ও কারিগরি

শিক্ষা ক্রীড়া সমিতি আয়োজনে উপজেলা পরিষদের খেলার মাঠে মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদের সভাপতিত্বে উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ২ দিনব্যাপী ৫টি ইভেন্টে প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

২ দিনব্যাপী ৫টি ইভেন্টে প্রতিযোগিতায় বিজয়ীরা হলেন, বালক ফুটবল খেলায় প্রথম স্থান অধিকার করেন আনন্দবাস মিয়া মনসুর একাডেমি এবং দ্বিতীয় স্থান অধিকার করেন দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়। বালিকা ফুটবল খেলায় প্রথম স্থান অধিকার করেন গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন মুজিবনগর আম্রকানন মাধ্যমিক বিদ্যালয়।

বালক হ্যান্ডবল প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়। বালিকা হ্যান্ডবল প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন মহাজনপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

ছোট বালক দাবা খেলায় প্রথম স্থান অধিকার করেন রবিউল হক রিজভী, জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন বাগোয়ন মাধ্যমিক বিদ্যালয়। ছোট বালিকা দাবা খেলায় প্রথম স্থান অধিকার করেন ফারিহা তাসনিম, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন আফিফা খাতুন, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

বড় বালক দাবা খেলায় প্রথম স্থান অধিকার করেন নাফিজ ইমতিয়াজ, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন আকিব ফুয়াদ, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়। বড় বালিকা দাবা খেলায় প্রথম স্থান অধিকার করেন সামিয়া আফরিন, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

সাঁতার প্রতিযোগিতায় ১০০ মিটার চিৎ সাঁতারে প্রথম স্থান অধিকার করেন শহিদুল ইসলাম, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন আশরাফুল আলম, মানিকনগর ডি. এম. আমিনিয়া আরাবি মাদ্রাসা। ২০০ মিটার মুক্ত সাঁতারে প্রথম স্থান অধিকার করেন সালমান শাহরিয়ার, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন মামুন হোসেন, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়।

ছোট বালিকা মুক্ত সাঁতার প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন মনিরা খাতুন, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন জান্নাতুল খাদিজা, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়। চিৎ সাঁতারে প্রথম স্থান অধিকার করেন জান্নাতুল খাদিজা, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন মনিকা খাতুন, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

বালিকা বুক সাঁতারে প্রথম স্থান অধিকার করেন জান্নাতুল খাদিজা, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন মনিকা খাতুন, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়। বালিকা প্রজাপতি সাঁতারে প্রথম স্থান অধিকার করেন নুসরাত জাহান তিথি, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন লাবিবা খাতুন, আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, শিবপুর।

বড় বালিকা মুক্ত সাঁতারে প্রথম স্থান অধিকার করেন রাজিয়া খাতুন, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন মেরিনা খাতুন, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়। বড় বালিকা চিৎ সাঁতারে প্রথম স্থান অধিকার করেন মেরিনা খাতুন, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন রাজিয়া খাতুন, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

বড় বালিকা প্রজাপতি সাঁতারে প্রথম স্থান অধিকার করেন মিতালী খাতুন, মহাজনপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন সুরাইয়া আক্তার, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়।

কাবাডি বালক প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন আনন্দবাস মিয়া মনসুর একাডেমি, দ্বিতীয় স্থান অধিকার করেন মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়। কাবাডি বালিকা প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়।

মুক্ত সাঁতার ছোট বালক প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন আশিকুর রহমান, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন ইখলাস শেখ, আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, শিবপুর।

বালক প্রজাপতি সাঁতারে প্রথম স্থান অধিকার করেন লিয়ন হোসেন, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন লিজল হোসেন, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়। বালক বুক সাঁতারে প্রথম স্থান অধিকার করেন আশিকুর রহমান, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়,

দ্বিতীয় স্থান অধিকার করেন ইয়াসিন আরাফাত, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়।

বালক চিৎ সাঁতারে প্রথম স্থান অধিকার করেন ইয়াসিন আরাফাত, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন জিহাদ আলী, আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, শিবপুর। বড় বালক মুক্ত সাঁতারে প্রথম স্থান অধিকার করেন আশরাফুল ইসলাম, মানিকনগর ডি. এম. আমিনিয়া আরাবি মাদ্রাসা, দ্বিতীয় স্থান অধিকার করেন সাদিকুল ইসলাম, আনন্দবাস মিয়া মনসুর একাডেমি।

বড় বালক প্রজাপতি সাঁতারে প্রথম স্থান অধিকার করেন শহিদুল ইসলাম, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেন আশরাফুল ইসলাম, মানিকনগর ডি. এম. আমিনিয়া আরাবি মাদ্রাসা।

বড় বালক ১০০ মিটার বুক সাঁতার প্রতিযোগিতায়ও প্রথম স্থান অধিকার করে।